GOVERNMENT OF INDIA
NATIONAL LIBRARY, CALCUTTA

Class No. 180. Nd.
Book No. 85. 2.
N. L. 38.
MGIPC—S1—19 LNL/62—27-3-63—100,000.

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায়

নমামাম্যহং ।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ॥

গ্রন্থঃ

XVI t 34

IMPERIAL LIBRARY

পরম মধুর ভাগবত

শ্রীযুক্ত প্রবোধানন্দ সরস্বতী

কৃত সংস্কৃত

তদ্ভাষা সম্বলিতং

যোঽজ্ঞান মত্তং ভুবনং কৃপালু
রুল্লাংঘয়ন্নপ্যকরোৎ প্রমত্তং
স্বপ্রেম সম্পৎ সুধয়াদ্ভুতেহহং
শ্রীকৃষ্ণ চৈতন্য মমুং প্রপদ্যে ॥

কলিকাতা
ব্রিটিশ ইণ্ডিয়া যন্ত্রে মুদ্রিত ।
১০০ নং আহিরীটোলা ।
শকাব্দা ১৭৭৪ ।

8. SEP. 18

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং
প্রণমাম্যহং

অথ

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ॥

গ্রন্থারম্ভঃ।

তথাহি শ্লোকঃ।

স্তুমস্তং চৈতন্যাকৃতিমতি বিমর্য্যাদ পরমা-
দ্ভুতৌদার্য্যংবর্য্যং ব্রজপতি কুমারংরসয়িতুং।
বিশুদ্ধ স্বপ্রেমোন্মদ মধুর পীযূষ লহরীং, প্র-
দাতুঞ্চান্যেভ্যঃ পরপদ নবদ্বীপ প্রকটং ॥ ১ ॥

অস্যার্থঃ।

গাওরে গৌরাঙ্গ গুণ মজাইয়া চিত। বড় অপরূপ হয় গৌরাঙ্গ চরিত॥ চৈতন্য আকৃতি যেই ব্রজপতি সুত। উদয় করিল প্রেমভক্তি অদভুত॥ অদভুত যেই ধর্ম্ম মর্য্যাদার সার। বিশুদ্ধ আপন প্রেম অমৃত বিথার॥ আপনি মাতিয়া মাতাইলা ত্রিভুবন। নদীয়া প্রকটে যেই তারিল ভুবন॥ তাঁর পাদপদ্মে করি অনেক স্তবন। নিরবধি রহে যেন সেই পদে মন॥ ১॥

তথাহি শ্লোকঃ।

নমশ্চৈতন্য চন্দ্রায় কোটি চন্দ্রানন ত্বিষে।
প্রেমানন্দাব্ধিচন্দ্রায় চারুচন্দ্রা সুহাসিনে ॥ ২ ॥

অস্যার্থঃ।

কোটি চন্দ্র মুখ কান্তি হাস্য চন্দ্রময়। প্রেমানন্দ সমুদ্রের চন্দ্র রসময় ॥ সেই গৌরপদে করি প্রণতি অপার সদা চিত্ত রহে যেন চরণে তাঁহার ॥ ২ ॥

তথাহি শ্লোকঃ।

যস্যৈব পাদাম্বুজ ভক্তি লভ্যঃ, প্রেমাভিধানঃ পরমঃ পুমর্থঃ। তস্মৈ জগন্মঙ্গল মঙ্গলায়, চৈতন্য চন্দ্রায় নমো নমস্তে ॥ ৩ ॥

অস্যার্থঃ।

যাঁর পাদাম্বুজে ভক্তি পুরুষার্থ সার। প্রেম ভক্তি মিলে যেই সর্ব্ব রসআর ॥ জগ জন মঙ্গলের মঙ্গল চৈতন্য। যে জন ভজয়ে তাঁরে সেই সব ধন্য ॥ ৩ ॥

তথাহি শ্লোকঃ।

যন্নাপ্তং কর্ম্মনিষ্ঠৈর্ন চ সমধিগতঃ যত্তপো ধ্যান যোগৈ, র্বৈরাগ্যস্ত্যাগ তত্ত্ব স্তুতিভি রপিনয়ত্তর্কিকং চাপি কৈশ্চিৎ। গোবিন্দ প্রেমভাজামপি ন চ কলিতং যদ্রহস্যং স্বয়ং

তন্, নাম্নৈব প্রাচুরাসীদবতরতি পরে যত্র তং নৌমি গৌরং ।। ৪ ।।

অস্যার্থঃ।

ধ্যান যোগ কর্ম্ম নিষ্ঠা বৈরাগ্য করণে। জ্ঞান স্মৃতি বেদ আদি যে তত্ত্ব না জানে ॥ হেন কৃষ্ণ প্রেম ভক্তি মহিমা অপার। পরম রহস্য কথা কৈল পরচার ॥ সেই গৌরচন্দ্র পদ করিয়ে বন্দন। যাঁর করুণায় হয় বন্ধ বিমোচন ॥ ৪ ॥

তথাহি শ্লোকঃ।

উচ্চৈরাস্ফালয়ন্তং কর চরণমহো হৈম দণ্ড প্রকাণ্ডৌ, বাহ্রপ্রোদ্ধৃত্য সত্তাণ্ডবতরলতনুং পুণ্ডরীকায়তাক্ষং। বিশ্বস্যামঙ্গলঘ্নং কিমপি হরি হরীত্যুন্মদানন্দনাদৈ, র্বন্দে তং দেব চূড়ামণিমতুল রসাবিষ্ট চৈতন্যচন্দ্রং ।। ৫ ।।

অস্যার্থঃ।

হেম দণ্ড জিনি বাহু প্রকাণ্ড যাঁহার। আস্ফালয়ে হস্ত পাদ গজেন্দ্র আকার ॥ সুরঙ্গ তরল দুই কমললোচনে। বিশ্ব অমঙ্গল হরে হরি গুণ গানে ॥ সেই যে চৈতন্যচন্দ্র দেব চূড়ামণি ॥ বন্দনা করিয়ে তাঁর চরণ দুখানি ॥ ৬ ॥

তথাহি শ্লোকঃ।

দৃষ্টঃ স্পৃষ্টঃ কীর্ত্তিতঃ সংস্মৃতো বা, দূরস্থৈর-
প্যা নতো বাদৃতো বা। প্রেম্ণঃ সার দাতু
মীশো য একঃ, শ্রীচৈতন্যং নৌমি দেবং
দয়ালুং ॥ ৬ ॥

অস্যার্থঃ।

দর্শন স্পর্শনে কিবা কীর্ত্তন শ্রবণে। কেহ দূরে রহু কেহ রহু দূর বনে॥ সর্ব্ব সার প্রেম দাতা চৈতন্য গোসাঞি ঐছন দয়ালু দাতা আর কেহ নাঞি ॥ সেই প্রভুর পায়ে মোর অনন্ত প্রণাম। কৃষ্ণ প্রেমোদয় হয় নিলে যাঁর নাম॥ ৬॥

তথাহি শ্লোকঃ।

ধর্ম্মাহস্পৃষ্টঃ সতত পরমাবিষ্ট এবাত্যধর্ম্মে,
দৃষ্টিং প্রাপ্তো নহি খলু সতাং স্মৃষ্টিস্বক্বাপি
নোসন্। যদ্দত্ত শ্রীহরি রস সুধাস্বাদ মত্ত প্র-
নৃত্য, ত্যুচ্চৈ র্গায়ত্যথ বিলুঠতি স্তৌমিতং
কঞ্চিদীশং ॥ ৭ ॥

অস্যার্থঃ।

ধর্ম্ম লেশ নাহি যার অধর্ম্মে যে রত। সাধু সঙ্গ নাহি যার বিষয়ে সঙ্গত॥ হেন সব জন যাঁর কৃপার পরশে। শুদ্ধ প্রেম রসামৃতে নিরবধি ভাসে॥ কৃষ্ণরস সুধাপানে

মত্ত অনুক্ষণ। নাচে গায় বিলসয়ে করয়ে রোদন॥ সেই প্রভু চৈতন্যেরে প্রণাম করিয়ে। পরম দয়াল প্রভু সর্ব্ব রসময়ে॥ ৭॥

তথাহি শ্লোকঃ।

শ্রবণ মনন কীর্ত্তনাদি ভক্ত্যা মুরারে, র্যদি পরম পুমর্থং সাধয়েৎ কোপি ভদ্রং। মমতু পরম পার প্রেম পীযূষ সিন্ধোঃ, কিমপিরস রহস্যং গৌর ধাম্নো নমস্যং॥ ৮॥

অস্যার্থঃ।

শ্রবণ মনন আর কীর্ত্তন ভকতি। কৃষ্ণেরে করিল কেহ অনেক ভকতি॥ যে কর সে কর কিন্তু গৌর কৃপা বিনা। রহস্য প্রেমের সিন্ধু না পাইবে সীমা॥ ৮॥

তথাহি শ্লোকঃ।

রক্ষো দৈত্যকুলং হতং কিয়দিদং যোগাদি বর্ত্ম ক্রিয়া, মার্গো বা প্রকটী কৃতঃ কিয়দিদং সৃষ্ট্যাদিকম্বা কিয়ৎ। মেদিন্যুদ্ধরণাদিকং কিয়দিদং প্রেমোজ্জলায়া মহা, ভক্তের্বর্ত্মক-র্রাং পরং ভগবতশ্চৈতন্য মূর্ত্তিস্তমঃ॥ ৯॥

অস্যার্থঃ।

কোন অবতারে দৈত্য করিল বিনাশে। কোন অব-

তারে যোগ পথ পরকাশে ॥ কোন অবতারে সৃষ্টি ক-রিল সৃজন। কোন অবতারে কৈল পৃথিবী ধারণ ॥ এই সব আদি করি নানা অবতার। করয়ে শ্রীকৃষ্ণ তার কে কহিবে পার ॥ হের দেখ কলিকালে গৌর অবতারে। প্রেমোজ্জল মহাভক্তি পরচার করে ॥ সেই গৌরচন্দ্র পদে মোর নমস্কার। পরম করুণাময় অবতারসার ॥ ৯ ॥

তথাহি শ্লোকঃ।

মাদ্যন্তঃ পরিপীয় যস্য চরণাম্ভোজ স্রবৎ প্রোজ্জল, প্রেমানন্দময়ামৃতাদ্ভুতরসান্ সর্ব্বে-ষু পর্ব্বেড়িতাঃ। ব্রহ্মাদীংশ্চ হসন্তিনাতিবহু মন্যন্তে মহাবৈষ্ণবান্, ধিক্কুর্ব্বন্তি চ ব্রহ্মযোগ বিদুষস্তং গৌরচন্দ্রং নমঃ ॥ ১০ ॥

অস্যার্থঃ।

সে প্রভু চরণাম্ভোজ স্মরে দিবা রাতি। আনন্দউজ্জল রস প্রেম বহে অতি ॥ সকল বৈষ্ণব তাহা পান সদা করে। অত্যন্ত আনন্দ মত্ত হইয়া অন্তরে ॥ ব্রহ্মা আদি গণ প্রতি সভে হাস্য করে। ব্রহ্ম পদ অল্প মানি ধিক্ ধিক বলে ॥ জ্ঞানী যোগী সিদ্ধা মুক্তি ভুক্তি কর্ম্মিগণে ॥ সদাই ধিক্কার বলে সে বৈষ্ণব জনে ॥ কাষ্ঠ রস পীয়ে তারা অমৃত ছাড়িয়া। এই লাগি হাসে তারা নির্ব্বুদ্ধি বলিয়া ॥ সেই গৌর পদদ্বন্দ্ব বন্দনা করিয়ে। যাঁহার

স্মরণে কৃষ্ণ প্রেম ধন পাইয়ে ॥ ১০ ॥

তথাহি শ্লোকঃ।

কৈবল্যং নরকায়তে ত্রিদশ পূরাকাশ পুষ্পা-
য়তে, দুর্দ্দান্তেন্দ্রিয় কালসর্প পটলী প্রোৎ-
খাত দংষ্ট্রায়তে। বিশ্বং পূর্ণ সুখায়তে বিধি
মহেন্দ্রাদিশ্চ কীটায়তে, যৎ কারুণ্যকটাক্ষ
বৈভববতাং তং গৌরমেব স্তুমঃ ॥ ১১ ॥

অস্যার্থঃ।

যে প্রভু গৌরাঙ্গচন্দ্র করুণা কটাক্ষে। বিশ্ববিধি ইন্দ্র কীট হয় প্রেম সুখে॥ মুকতি নরক সম দেখায় যাহাতে সর্ব্বেন্দ্রিয় কালসর্প নষ্ট করে যাতে॥ সেই প্রভু গৌর পদেপ্রণাম করিয়ে। যাঁহা হৈতে রাধাকৃষ্ণ প্রেমধন পাইয়ে॥ ১১ ॥

তথাহি শ্লোকঃ।

যো মার্গো দূর শূন্যোবত ইহবলাৎ কণ্টকো
যোতি দুর্গো, মিথ্যার্থ্যভ্রামকোয়ঃ স পদিরস
ময়ানন্দনিস্যন্দ কোয়ঃ। সদ্যঃপ্রদ্যোৎ যস্তং
প্রকটিত মহিমা স্নেহবদ্ধদৃশা হায়াঃ, কোপ্যন্ত
ধ্বান্ত হন্তা স জয়তি নবদ্বীপ দীপৎ প্রদীপঃ
॥ ১২ ॥

অস্যার্থঃ।

দূর শূন্য পথ যেই কণ্টকে দুর্গম। মিথ্যা অর্থ লাগি ফিরে যেই করে শ্রম॥ অন্ধকারে থাকে যেন চক্ষুহীন যার। হৃদয়ে প্রবেশ প্রভু করে যবে তার॥ সব ক্লেশ নাশ করে চিত্তের আন্ধার। নষ্ট করে নদীয়ার প্রদীপ সঞ্চার॥ ১২॥

তথাহি শ্লোকঃ।

স্বপাদাম্ভোজৈক প্রণয় লহরী সাধন ভৃতাং,
শিব ব্রহ্মাদীনামপিচ সমূহা বিস্ময় ভৃতাং।
মহাপ্রেমাবেশাৎ কিমপি নটতামুন্মদ ইব,
প্রভু গৌরো জীয়াৎ প্রকট পরমাশ্চর্য্যমহি-
মা॥ ১৩॥

অস্যার্থঃ।

নিজ পাদ পদ্ম ভক্তি প্রণয় লহরী। একান্ত সাধন যত প্রকট আচরি॥ মহা প্রেমাবেশে নৃত্য করে গৌররায়। শিব ব্রহ্মা আদি সবে চমৎকার পায়॥ পরম আশ্চর্য্য গৌর মহিমারগুণে। জয়যুক্ত হউক সেই সকল ভুবনে॥ ১৩॥

তথাহি শ্লোকঃ।

মত্ত কেশরী কিশোর বিক্রমঃ প্রেমসিন্ধু জগ

দাম্প্রবোদ্যমঃ। কোপি দিব্য নবহেম ক-
ন্দলী কোমলো জয়তি গৌর চন্দ্রমাঃ ॥ ১৪

অস্যার্থঃ।

কিশোর.কেশরী মত্ত বিক্রমআচরি। উঝালয়ে প্রেম সিন্ধু জগতউপরি ॥ দিব্যস্বর্ণ কোঁড়া জিনিসুকোমলঅঙ্গ জয়যুক্ত হৌক গৌরচন্দ্র রস কন্দ ॥ ১৪ ॥

তথাহি শ্লোকঃ।

সৌন্দর্য্যে কাম কোটিঃ সকল জন মহাহ্লা-
দনে চন্দ্র কোটি, র্বাৎসল্যে মাতৃ কোটি স্ত্রি-
দশ বিটপিনাং কোটিরৌদার্য্য সারে। গাম্ভী
র্য্যোম্ভোধি কোটি র্মধুরি মণি সুধা ক্ষীর মা-
র্দ্বীক কোটি, র্গৌরদেবঃ স জীয়াৎ প্রণয় রস
পদে দর্শিতাশ্চর্য্য কোটিঃ ॥ ১৫ ॥

অস্যার্থঃ।

কোটি কাম জিনি তনু অতি মনোহর। কোটি চন্দ্র সুশীতল ক্ষিতি তাপ হর ॥ কোটি কোটি মাতা সম বাৎসল্য আলয়। কোটি কল্পতরু সম দাতা রসময় ॥ গাম্ভীর্য্যে সমুদ্র কোটি গম্ভীরতা আর। মাধুর্য্যে মধুর সুধা ক্ষীর কোটি সার ॥ প্রণয় রসের পদ দর্শন প্র-কাশ। পরম আশ্চর্য্য কোটি বিবিধ বিলাস ॥ সেই

গৌরচন্দ্র পদে প্রণতি আমার। করুণাতে পূর্ণতর হৃদয় যাঁহার ॥ ১৪ ॥

তথাহি শ্লোকঃ ।

প্রবাহৈরশ্রুণাং নব জলদ কোটিরিব দৃশৌ,
দধানং প্রেমর্দ্ধ্যা পরম পদ কোটি প্রহসনং।
রময়ন্তং মাধুর্য্যৈরমৃতনিধিঃ কোটিরিবতনু,
ছটাভিস্তং বন্দে হরিমহহ সন্ন্যাস কপটং ॥
॥ ১৬ ॥

অস্যার্থঃ ।

কোটি মেঘ জিনি জল বহে দুনয়নে। হাঁসে অতিশয় প্রেম ভাব ক্ষণে ক্ষণে ॥ গৌর অঙ্গ ছটা অতি মাধুর্য্য উগারে। কোটিসুধা সমুদ্রের নিন্দা যেই করে ॥ গৌর তনু ধরে হরি কপট সন্ন্যাসী। বন্দ তাঁর পদ শিরে পৃথিবী পরশি ॥ ১৬ ॥

তথাহি শ্লোকঃ ।

অসংখ্যাশ্রুত্বাদৌ ভগবদবতারা নিগদিতাঃ,
প্রভাবং কঃ সম্ভাবয়তু পরমীশাদি ইতরতঃ।
কিমন্যৎ স্বপ্রেষ্ঠে কতি কতি সতাং নাপ্যনু
ভবা, তথাপি শ্রীগৌরে হরি হরি ন মূঢ়া হরি
ধিয়ঃ ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

পূর্ব্ব পূর্ব্ব অবতারে কোন কোন জনে। কৃতার্থ করিল যোগ্য দেখি কোন স্থানে ॥ হেন অবতার কভু দেখি শুনি নাই। প্রেমের সমুদ্রেবিশ্ব রাখিলডুবাই ॥ গৌরচন্দ্র পদ রজ পরশিত ভূমে। কেবা নাহি পাইল প্রেম বিনা পরিশ্রমে ॥ ১৭ ॥

তথাহি শ্লোকঃ।

উৎসসর্প জগদেবং পূরয়ন্, গৌরচন্দ্র করুণা মহার্ণব। বিন্দুমাত্রমপিল্পতন্মহা ভুভগেময়ি কিমেতদ্ভুতং ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

ধিক্ থাকুক মোর বিদ্যাদি সকলে। প্রেম বস্তু না মিলিল হেন ধন্য কালে॥ গৌরচন্দ্রের কৃপায় সিন্ধু উছলিয়া। সর্ব্ব দেশে পূর্ণ করি চলিলভাসিয়া ॥ এবড় আশ্চর্য্য হের প্রেমের বন্যায়। এক বিন্দু না লাগিল মো পাপীষ্ঠ গায় ॥ ১৮ ॥

তথাহি শ্লোকঃ।

কালঃ কলি র্ব্বলিন ইন্দ্রিয় বৈরী বর্গাঃ, শ্রীভক্তি মার্গ ইহ কন্টক কোটি রুদ্ধঃ। হা হা ক্ব য়ামি বিরলঃ কিমহং করোমি, চৈতন্যচন্দ্র

যদিনাদ্য কৃপাং করোষি ।। ১৯ ।।

অস্যার্থঃ।

কলিকালে বলিষ্ঠ ইন্দ্রিয় বৈরীচয়। ভক্তিপথে অনেক কন্টকরুদ্ধ হয় ॥ গৌরচন্দ্র তুমি যদি কৃপা না করিবে। কোথা বা যাইবে জীব কিবা বা করিবে ॥ ১৯ ॥

তথাহি শ্লোকঃ।

বঞ্চিতোস্মি বঞ্চিতোস্মি বঞ্চিতোস্মি ন সংশয়ঃ।বিশ্বং গৌর রসে মগ্নং স্পর্শোপি মমনাভবেৎ ।। ২০ ।।

অস্যার্থঃ।

বিশ্ব গৌর রসে সব মজিয়া রহিল। বিন্দু মাত্র স্পর্শ কেনে আমারে না হৈল ॥ সবে চরিতার্থ হৈল গৌর প্রেম রসে। বঞ্চিত হইনু মুঞিনিজ কর্ম্ম দোষে ॥২০॥

তথাহি শ্লোকঃ।

দুষ্কর্ম্ম কোটি নিরতস্য দুরন্ত ঘোর, দুর্ব্বাসনা নিগড় শৃঙ্খলিতস্য গাঢ়ং। ক্লিশ্যন্মতেঃ কুমতি কোটি কদর্থিতস্য, গৌরং বিনাদ্য মম কো ভবিতেহ বন্ধুঃ ।। ২১ ।।

অস্যার্থঃ।

দুষ্কর্ম্ম করিলে কোটি আরতি করিয়া। কুমতিকতেক

কোটি কদর্থে আসিয়া ॥ দুরন্ত অত্যন্ত যেন দুর্ব্বাসনা গণ। নিগড় শৃঙ্খলা বদ্ধ ক্লেশ অনুক্ষণ ॥ এমন সঙ্কটে আর গৌরচন্দ্র বিনে। কেবা উদ্ধারিবে মোরে হঞা সকরুণে ॥ ২১ ॥

তথাহি শ্লোকঃ।

পাপীয়ানপি হীন জাতি রপি দুঃশীলোপি দুষ্কর্ম্মণাং, সীমাপি শ্বপচাধমোপি সততং দুর্ব্বাসনাঢ্যোপি চ। দুর্দ্দেশ প্রভবোপি তত্র বিহিতা বাসোপি দুঃসঙ্গতো, নষ্টোপ্যুদ্ধৃত এব যেন কৃপয়া তং গৌর মেবাশ্রয়ে ॥ ২২ ॥

অস্যার্থঃ।

অতি পাপী হীন জাতি দুঃশীল যাহার। দুষ্কর্ম্ম চণ্ডাল সদা দুর্ব্বাসনা আর ॥ দুর্দ্দেশে জনম আর দুষ্ট সঙ্গে স্থিতি। এতেক বিপাকে যেই জন দুষ্ট মতি ॥ তারে উদ্ধারয়ে গৌর শরণ যে লয়। হেন গৌর পাদ পদ্ম কেবা না বাঞ্ছয় ॥ ২২ ॥

তথাহি শ্লোকঃ।

হা হন্ত চিত্ত ভূমি মে পরমোষরায়াং, সদ্ভক্তি কল্পলতিকাং কুরীতা কথং স্যাৎ। হৃদ্যেকমেব পরমাশ্বসনীয় মস্তি, চৈতন্যনাম কলয়ন্ন

কুদাপি শোচ্যঃ ॥ ২৩ ॥

অস্যার্থঃ।

পরম ঊষর ভূমি মোর দুষ্ট চিত্তে। কেমতে হইবে ভক্তি লতাঙ্কুর রীতে ॥ হৃদয়ে আশ্বাস এক আছয়ে কারণ। শ্রীকৃষ্ণচৈতন্য নাম পরম তারণ ॥ ২৩ ॥

তথাহি শ্লোকঃ।

জ্ঞানাদি বর্ত্ম রুচিরং ব্রজনাথ ভক্তি, রীতিং
ন বেদ্মি ন চ সদ্গুরবো মিলন্তি। হা হন্ত হন্ত
মম কঃ শরণং বিমূঢ়, গৌর হরি স্তবন কর্ণ
পথং গতোস্তি ॥ ২৪ ॥

অস্যার্থঃ।

ব্রজনাথ ভক্তি রীত রসের কারণ। সদ্গুরু আশ্রয় বিনা না মিলে কখন ॥ অতএব গৌরভক্ত জনের আশ্রয়। করিলেই অনায়াসে সর্ব্ব সিদ্ধিহয় ॥ বিমূঢ়হইয়া প্রভু করিয়ে ভ্রমণ। তোমার কোন ভক্তিপথে না কৈনু গমন ॥ ২৪ ॥

তথাহি শ্লোকঃ।

হা হন্ত হন্ত পরমোষর চিত্তভূমৌ, ব্যর্থী ভব-
ন্তি মম সাধন কোটয়োপি। সর্ব্বাত্মনা তদহ-
মদ্ভুত ভক্তি বীজং, গৌরাঙ্গচন্দ্র চরণং শরণং

করোমি ।। ২৫ ।।

অস্যার্থঃ ।

অত্যন্ত উষরতর চিত্ত মহীতলে । কোটি কোটি সাধন করিতে নাহি মিলে ।। অদ্ভুত ভক্তির বীজ চৈতন্য চরণ । সর্ব্ব ভাবে মুঞি তাঁর লইনু শরণ ।। বৃথা আমি ভারতেরে কেনে আইনু হায় । ছাড়িয়া চৈতন্যমনঃ কথা নাহি যায় ।। ২৫ ।।

তথাহি শ্লোকঃ ।

সংসার দুঃখ জলধৌ পতিতস্য কাম, ক্রোধাদি নক্র মকরৈঃ কবলীকৃতস্য । দুর্ব্বাসনা নিগড়িতস্য নিরাশ্রয়স্য, চৈতন্যচন্দ্র মম দেহি পদাবলম্বং ।। ২৬ ।।

অস্যার্থঃ ।

সংসার সাগর যেই দুঃখের পাথার । পড়িয়াছেমনঃ মোর না জানে সাঁতার ।। কাম ক্রোধ লোভ মোহ মদ অভিমানে । কুম্ভীর সকল জলজন্তু অবিরামে ।। গ্রাস করিবারে আইসে নারি পলাইতে । দুর্ব্বাসনা গলে বান্ধা নিগড় পদেতে ।। ধরিতে আশ্রয় নাই উকাশ না পাই । সংসার তরঙ্গ ভাবে রাখিল ডুবাই ।। মহাপ্রভু শ্রীকৃষ্ণ চৈতন্য দয়াময় । ব্যাজ তেজি দেহ প্রভু নিজ পদাশ্রয় ।। ২৬ ।।

তথাহি শ্লোকঃ ।

কদা গৌরে গোরে বপুষি পরম প্রেম রসদে,

শ্যদেকপ্রাণে নিষ্কপট কৃতভাবোস্মি ভবিতা।
কদা বা তস্যালৌকিক সদনুমানেন মম হৃদ্যক
স্মাৎ শ্রীরাধা পদ নখমণি দ্যোতিরুদ্গাৎ ॥ ২৭ ॥

অস্যার্থঃ।

অলৌকিক মহা অনুভাবের স্বভাব। কবে বা উদয় হবে সেই মহাভাব ॥ শ্রীরাধিকার পদ নখ মণি দ্যোতির্ম্ময়। আমার হৃদয়ে কবে করিবে উদয় ॥ শ্রীচৈতন্য দয়াময় পরম উদার। প্রেম রসে কৈল মত্ত সব পর চার ॥ ২৭ ॥

তথাহি শ্লোকঃ।

আনন্দ লীলাময় বিগ্রহায়, হেমাভ দিব্যচ্ছবি
সুন্দরায়। তস্মৈ মহাপ্রেমরস প্রদায়, চৈতন্য
চন্দ্রায় নমো নমস্তে ॥ ২৮ ॥

অস্যার্থঃ।

পূর্ণানন্দময় গৌর বিগ্রহ সুন্দর। হেম কান্তি জিনি তনু অতি মনোহর ॥ মহাপ্রেমরসদাতা ভুবন আনন্দ প্রণমহোঁ সেই পহু গৌরচন্দ্র কন্দ ॥ ২৮ ॥

তথাহি শ্লোকঃ।

কন্দর্পাদপি সুন্দরঃ সুরসরিৎ পূরাদহো পা-
বনঃ, শীতাংশোরপি শীতলঃসুমধুরো মাধ্বিক

সারাদপি। দাতা কল্প মহীরুহাদপি মহা
স্নিগ্ধো জনন্যা অপি, প্রেম্না গৌরহরিঃকদাম্মু
হৃদি মেধ্যাতঃ পদং ধাস্যতি ॥ ২৯ ॥

অস্যার্থঃ।

কন্দর্প জিনিয়া অতি সুন্দর শরীর। জাহ্নবী হইতে অতি পবিত্র সুধীর ॥ অত্যন্ত শীতল কোটি সুধাংশু জিনিয়া। কত মধু পেলে গোরা মাধুর্য্য নিছিয়া ॥ দাতা কল্পতরু জিনি পরম দয়াল। জননী জিনিয়া স্নিগ্ধ বাৎসল্য রসাল ॥ প্রেমের স্বরূপ গৌর কৃষ্ণ রস ময়। আমার হৃদয়ে কবে করিবে উদয় ॥ ২৯ ॥

তথাহি শ্লোকঃ।

অকস্মাৎ দেবাবির্ভবতি ভগবন্নাম লহরী,
পরীতানাং পাপৈরপি গুরুভিরেষাং তনু-
ভৃতাং। অহো বজ্র প্রায়ং হৃদপি নবনীতায়ি
তমভূ ন্নৃণাং লোকেযস্মিন্ বতরতি স গৌরে
মম গতিঃ ॥ ৩০ ॥

অস্যার্থঃ।

গৌরচন্দ্র ক্ষিতিতলে অবতীর্ণ হৈতে। অকস্মাৎ নামাবলী আইল পৃথিবীতে ॥ মহামায়া পাপ পূর্ব্বে করিয়া করিয়া। বজ্র সম কঠিন আছিল জীব হিয়া ॥ কৃপা করি গৌর প্রভু নাম সঞ্চারিল। নবনীত হেন

চিত্ত কোমল হইল ॥ ৩০ ॥

তথাহি শ্লোকঃ।

কান্ত্যা নিন্দিত কোটি কোটিমদনঃ শ্রীমন্মুখে ন্দুচ্ছটা, বিচ্ছায়ীকৃত কোটি কোটি শরদুন্মীল তুষারচ্ছবিঃ। ঔদার্য্যেনচ কোটি কোটিগুণি-তং কল্পদ্রুমং হ্রস্পয়ন্, গৌর মেহৃদি কোটি কোটি জন্মুষাং ভাগ্যে পদং ধাস্যতি ॥ ৩১॥

অস্যার্থঃ।

শ্রীগৌরাঙ্গ কান্তি কোটি কোটি কাম জিনি। কোটি কোটি চন্দ্রমুখে করয়ে নিছনি ॥ কোটিকল্পতরুজিনি দাতা গৌররাজ। কোটি জন্ম ভাগ্যে মিলে গৌরদ্বিজ রাজ ॥ ৩১ ॥

তথাহি শ্লোকঃ।

ঈশং ভজন্তু পুরুষার্থ চতুষ্টয়াশা, দাসা ভবন্তু চ বিহায় হরেরুপাস্যান্। কিঞ্চিদ্রহস্য পদ লোভিতধীরহস্ত, চৈতন্যচন্দ্র চরণং শরণং করোমি ॥ ৩২ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর ভজনে চারি পুরুষার্থ হয়। ধর্ম্মার্থ কাম মোক্ষ এ চারি মিলয় ॥ কেহ দাস হয়ে চারি পুরুষার্থ ছাড়ি-

য়া। তথাপিয় ফিরে কৃষ্ণ রহাস্তে ভুলিয়া॥ তাহা জানিবার যদি লালসা বাঢ়য়। তৎকাল যাইয়া কর গৌর পদাশ্রয়॥ ৩২॥

তথাহি শ্লোকঃ।

পাত্রাপাত্রং বিচারণাং ন কুরুতে ন স্বংপরং
বীক্ষতেঃ, দেয়াদেয় বিমর্ষকো ন হি ন বা
কালঃ প্রতীক্ষঃ প্রভুঃ। সদ্যোয়ঃ শ্রবণেক্ষণ
প্রণমন ধ্যানাদিনা দুর্লভং, দাতু ভক্তি রসং
স এব ভগবান্ গৌরঃ পরং মে গতিঃ॥ ৩৩

অস্যার্থঃ।

পাত্রাপাত্র বিচার না করে তে কারণে। প্রেম ভরে নিজ পর নাহি বিচারণে॥ পরম শরণাকল দিয়া দেয় কাযে। কাল বা অকাল কিছু নাহি মনে বাজে॥ যোগেন্দ্র গণের ধ্যান অতীত যে ধনে। যাচিয়া যাচিয়া দিল সকল ভুবনে॥ ভাব ভরে নিজ পর বিচার না জানে। কৃষ্ণ ভক্তি প্রেমরস এ রূপ মিলনে॥ শরণ লইল আমি সেই গৌরপায়। আমার পরম গতিনাহি কারু দায়॥ ৩৩॥

তথাহি শ্লোকঃ।

কলিন্দতনয়া তটে স্ফুরদমন্দ বৃন্দাবনং, বি-

হায় লবণাম্বুধেঃ পুলিন পুষ্পবাটীং গতঃ।
ধৃতারুণ পটঃ পরীকৃত সুপীত বাসা হরি,
স্তিরোহিত নিজচ্ছবিঃ প্রকট গৌরি মামে
গতিঃ ॥ ৩৪ ॥

অস্যার্থঃ।

যমুনার তটে বৃন্দাবন তেয়াগিয়া। লবণ সমুদ্র তটে মিলিল আসিয়া ॥ অরুণ বসন পরে তেজি পীতবাস শ্যাম অঙ্গ তেয়াগিয়া গৌর পরকাশ ॥ সেই গৌরচন্দ্র প্রভু মোর হৌক গতি। জীব নিস্তারিতে যার হেনসব রীতি ॥ ৩৪ ॥

তথাহি শ্লোকঃ।

সর্ব্বৈবাম্নায় চূড়ামণিভিরপি ন সংলক্ষ্যতে
যৎ স্বরূপং, শ্রীশ ব্রহ্মাদ্যগম্যা সুমধুর পদবী
কাপি যস্যাতি রম্যা। যেনাকস্মাজ্জগৎ
শ্রীহরি রস মদিরা মত্ত মেতদ্ব্যধায়ি, শ্রীমচ্চৈ-
তন্যচন্দ্রঃ স কিমু মম গিরাং গোচরশ্চেত
সেবা ॥ ৩৫ ॥

অস্যার্থঃ।

সর্ব্ব দেব চূড়ামণি জানে না জানয়ে। ব্রহ্মা শিব শেষ আদি যে পদ ধেয়ায়ে ॥ হেন সে মাধুর্য্যময় রূপ গুণ যার। শ্রীচৈতন্যচন্দ্র নাম সর্ব্ব রস সার ॥ অকস্মাৎ

কলিকালে জগতে আসিয়া। মাতাইল ক্ষিতি কৃষ্ণ রস মধু দিয়া ॥ শ্রীচৈতন্য প্রভু মনো বাক্য অগোচর। কেমনে হইবে মোর এ ভয় অন্তর ॥ ৩৫ ॥

তথাহি শ্লোকঃ।

মৃগ্যাপি সা শিব শুকোদ্ধব নারদাদ্যৈ, রাশ্চ র্য্য ভক্তি পদবী নদবীয় সীনঃ। দুর্ব্বোধ বৈ-ভব পতে ময়ি পামরেপি, চৈতন্যচন্দ্র যদি তে করুণা কটাক্ষঃ ॥ ৩৬ ॥

অস্যার্থঃ।

শিব শুক নারদ উদ্ধব আদি যত। ব্রজ প্রেম ভক্তি অন্বেষয়ে কত ক্ষত ॥ বেদেতে না জানে যার বৈভব বিচার। মো অতিপামর কোথা অন্তপামুতার ॥ করুণা কটাক্ষ যদি করে গৌর রায়। তবে সে মিলয়ে তাহা অন্যে নাহি পায় ॥ ৩৬ ॥

তথাহি শ্লোকঃ।

বিশ্বং মহা প্রণয় সাধু সুধারসৈক, পাথোনি-ধৌ সকলমেব নিমজ্জয়ন্তং। গৌরাঙ্গচন্দ্রনখ চন্দ্র মণি চ্ছটায়াঃ, কিঞ্চিদ্বিচিত্রমনুভাবমহং স্মরামি ॥ ৩৭ ॥

অস্যার্থঃ।

সকল ভুবনে প্রেম রস মধু পাঞা। সুধারস সিন্ধু মাঝে রহিল মজিয়া॥ অতএব গৌর পদের নখের কিরণে। চিত্র অনুভাব আমি করিয়ে স্মরণে॥ ৩৭॥

তথাহি শ্লোকঃ।

সকৃন্নয়ন গোচরীকৃত তদশ্রুধারাকুল, প্রফল্ল কমলেক্ষণ প্রণয় কাতর শ্রীমুখঃ। ন গৌর চরণং জিহাসতি কদাপি লোকোত্তর, স্ফুরন্মধুরিমার্ণবং নবনবানুরাগোন্মদঃ॥ ৩৮॥

অস্যার্থঃ।

যার দিগে চাহে গোরা কমল নয়নে। তাহার নয়নে জল না যায় ধরণে॥ প্রণয়ে কাতর মুখ গদ গদবাণী। শুনিতে বিদরে হিয়া জুড়ায় পরাণী॥ নব নব অনুরাগে উনমত হঞা। মাধুর্য্য সাগর রস দেহ পসারিয়া॥ সেই গৌর পদ বিনে আর নাহি মনে। সদা রহু মোর মনো তাঁহার চরণে॥ ৩৮॥

তথাহি শ্লোকঃ।

পতন্তি যদি সিদ্ধয়ঃ করতলে স্বয়ং দুর্ল্লভাঃ, স্বয়ঞ্চ যদি সেবকী ভবিতু মাগতাঃ স্যুঃ সুরাঃ। কিমন্যদিদমেব বা যদি চতুর্ভুজং স্যা-

দ্বপু, স্তথাপি মমনো মনাক্ চলতি গৌরচন্দ্র
ন্মনঃ ॥ ৩৯॥

অস্যার্থঃ।

অত্যন্ত দুর্লভ সিদ্ধি আইসে যদি করে। গৌরচন্দ্র বিনা মনঃতাহা নাহিচলে॥ সাক্ষাতে আসিয়া যদিকহে দেবগণ। আমা সেবা কর তভু না লাগয়েমনঃ॥ অন্য কি কহিব আমি চতুর্ভুজ আর। বৈকুণ্ঠ বসতি লাগি কহে যদি সার॥ তথাপি না চলে মোর মনঃ গৌর ছাড়ি। ঐছে গৌরচন্দ্র দয়া ও রূপ মাধুরী॥ ৩৯॥

তথাহি শ্লোকঃ।

যত্তদ্বদন্তু শাস্ত্রাণি যত্তদ্ব্যাখ্যান্তু তার্কিকাঃ।
জীবনং মম চৈতন্য পাদাম্ভোজসুধৈবতু ॥৪০

অস্যার্থঃ।

যে সে বলু শাস্ত্রগণ নির্ণয় করিয়া। যে সে ব্যাখ্যা করুক শাস্ত্র তার্কিক বলিয়া॥ গৌর পাদ পদ্ম মধু আমার জীবন। সদা চিত্তে হৌক সেই নখেরকিরণ॥৪০

তথাহি শ্লোকঃ।

কাশী বাসীনপি ন গণয়ে কিং গয়াং মার্গয়ামো, মুক্তি স্থক্তি ভবতি পরমেকঃ পরার্থ প্রসঙ্গঃ। ত্রাসাভাসঃ স্ফ রতিন মহা রৌরবেপি

কৃ ভীতিঃ, স্ত্রী পুত্রাদৌ যদি কৃপয়তে দেব দেব স গৌরঃ ॥ ৪১ ॥

অস্যার্থঃ ।

কাশী বাসী কিবা কায কিবা গয়া স্থানে। কিবা কায মুক্তিকথা কি কাযলিখনে ॥ ত্রাসাভাস নাহি হয় নরক করিয়া । স্ত্রী পুত্র বিষয় যত সংসার বলিয়া ॥ যদিপ্রভু গৌরচন্দ্র কৃপা দৃষ্টি করে । অনায়াসে পার হব সংসার ভিতরে ॥ ৪১ ॥

তথাহি শ্লোকঃ ।

নিষ্ঠাং প্রাপ্তা ব্যবহৃতি ততি লৌকিকী বৈদিকীয়া, যাবা লজ্জা প্রহসনসমুদ্গাননাট্যোৎসবেষু । যেবা ভুবন্নহহ সহজ প্রাণ দেহার্থ ধর্ম্মা, গৌর শ্চৌরঃ সকল মহরৎ কোপি মে তীব্র বীর্য্যঃ ॥ ৪২ ॥

অস্যার্থঃ ।

লৌকিক বৈদীক নিষ্ঠা যে আছিলমনে। যেবা লজ্জা ছিল নৃত্য গীত বিদ্যা সনে ॥ প্রাণ দেহ ধর্ম্ম অর্থ সহজে যে ছিল । দৃষ্টি মাত্রে গৌর চৌর সকল হরিল ॥ ঐছে তীব্র বীর্য্য আর কাহার আছয় । সেই গৌর পাদ পদ্ম করিলে আশ্রয় ॥ ৪২ ॥

তথাহি শ্লোকঃ।

বাসো মে বর মস্তু ঘোর দহন জ্বালাবলী পঞ্জ
রে, শ্রীচৈতন্য পদারবিন্দ বিমুখৈ র্মাকুত্রচিৎ
সঙ্গমঃ। বৈকুণ্ঠাদি পদং স্বয়ঞ্চ মিলিতং নো-
মে মনো লিপ্সতে, পাদাম্ভোজ রসচ্ছটা যদি
মনাক্ গৌরস্য নৌরস্যতে॥ ৪৩॥

অস্যার্থঃ।

চৈতন্য বিমুখ সঙ্গ কভু জানি হয়। বরঞ্চ বসতি হয় পঞ্জর আলয়॥ ঘোর জ্বালাবলী মহা দহন ভিতরে। পাষণ্ড ভেজিয়া থাকি আনন্দ অন্তরে॥ বৈকুণ্ঠ পদবী যদি আপনে মিলয়ে। চৈতন্য বিমুখ সঙ্গ তাহা উপেক্ষিয়ে॥ গৌর পাদপদ্ম ছটা মধু যথা আছে। সাধারণ স্থল যদি তভু বন বাঞ্ছে॥ ৪৩॥

তথাহি শ্লোকঃ।

আস্তাং নাম মহাম্মহানিতি রবঃ সর্ব্ব ক্ষমা
মণ্ডলে, লোকেবা প্রকটাংস্তুনাম মহতি সিদ্ধি
শ্চমৎকারিণী। কামং চারু চতুর্ভুজত্বময়তা
মারাধ্য বিশ্বেশ্বরং, চেতো মে বহু মন্যতে ন-
হি নহি শ্রীগৌর ভক্তিং বিনাং॥ ৪৪॥

অস্যার্থঃ।

পঞ্চমত মুক্তি সিদ্ধি অষ্ট মহা হয়। অত্যন্ত প্রকার

ভোগ কে তাহা গণয় ॥ কত কত লোকে কত প্রকট করিয়া। ভজন করয়ে মনে না লাগয়ে ইহা ॥ শ্রীকৃষ্ণ চৈতন্য ভক্তি বিনা যত দেখ। কিছু নহে সেই সব অসারেই লেখ ॥ ৪৪ ॥

তথাহি শ্লোকঃ।

স্বয়ং দেবো যত্র দ্রুত কনক গৌরঃ করুণয়া,
মহা প্রেমানন্দোজ্জলরস বপুঃ প্রাদুরভবৎ।
নবদ্বীপে তস্মিন্ প্রতিভবন ভক্ত্যুৎসবময়ে,
মনো মে বৈকুণ্ঠাদপি চ মধুরে ধাম্নি রমতে
॥ ৪৫ ॥

অস্যার্থঃ।

আনন্দ উজ্জল রস ভক্তির সহিতে। ভক্তবৃন্দ সঙ্গে সদা ভক্তি বিলসিতে ॥ বৈকুণ্ঠ অধিক সেই নবদ্বীপ ধাম। নিরন্তর হৌক সেই মনের বিশ্রাম ॥ ৪৫ ॥

তথাহি শ্লোকঃ।

বেলায়াং লবণাম্বুধের্মধুরিমা প্রাগ্‌ভাব সার স্ফূরন্, লীলায়াং নববল্লবী রসনিধে রাবেশ রম্যা জগৎ। খেলায়ামপি শৈশবে নিজ রুচা বিশ্বৈক সম্মোহিনী, মূর্ত্তি কাচন কাঞ্চন দ্রবময়ী চিত্তায় মে রোচতে ॥ ৪৬ ॥

অস্যার্থঃ।

সুরধুনী তীরে প্রভু কিশোর বয়েস। পূর্ণ মাধুরিমা অঙ্গে সদা ভাবাবেশ॥ নবীন বল্লবী রস নিধে মনোহর। নব নব লীলা রসে অবশ অন্তর॥ নানা খেলা করি বিশ্ব সম্মোহন করে। সে ঈশ্বর স্বর্ণ বর্ণ গৌরচিত্র ধরে॥ স্বর্ণ দ্রবময় রূপ গৌরাঙ্গ সুন্দর। প্রকট হইলা তেহোঁ নদীয়া নগর॥ ৪৬॥

তথাহি শ্লোকঃ।

ক্ষণং হসতি রোদিতি ক্ষণ মথ ক্ষণং মূর্চ্ছ-
তি, ক্ষণং লুঠতি ধাবতি ক্ষণ মথ ক্ষণং নৃত্য
তি। ক্ষণং শ্বসিতি মুঞ্চতি ক্ষণ মুদার হা হা
কৃতিং, মহা প্রণয়সীধুনা বিহরতীহ গৌরো
হরিঃ॥ ৪৭॥

অস্যার্থঃ।

অলৌকিক ভাব প্রভুর হয় সর্ব্বক্ষণ। ভাব অনুরূপ চেষ্টা কায় বাক্য মনঃ॥ ক্ষণে হাসে ক্ষণে কান্দে ক্ষণে মূর্চ্ছা যায়। নাচে মহী লুঠে ক্ষণে ক্ষণে প্রভু ধায়॥ ক্ষণে হাহাকার করি বোলে হরি হরি। ক্ষণেক্ষণে নিঃশ্বাস ছাড়য়ে দীর্ঘ করি॥ ৪৭॥

তথাহি শ্লোকঃ।

ক্ষণং ক্ষীণঃ পীনঃ ক্ষণ মহহ সাশ্রুঃ ক্ষণ
মর্থ, ক্ষণং স্মেরঃ শীতঃ ক্ষণ মনল তপ্তঃ ক্ষণ-

মপি। ক্ষণং ধাবন্ স্তব্ধঃ ক্ষণমধিক জল্পং ক্ষণমহো, ক্ষণং মূকো গৌরঃ স্ফুরতু মম দেহো ভগবতঃ॥ ৪৮॥

অস্যার্থঃ।

ক্ষণে পুষ্ট হয় তনু ক্ষণে হয় ক্ষীণ। ক্ষণে অশ্রু পড়ে আঁখি ক্ষণে বাহ্য হীন। ক্ষণে ক্ষণে অট্ট হাসে ক্ষণে ক্ষণে কাঁপ। ক্ষণে ক্ষণে হয় তনু অগ্নি হেনতাপ ক্ষণে অতি বেগে ধায় ক্ষণে স্তম্ভ হয়। ক্ষণে মৌনধরি রহে ক্ষণে বহু কয়॥ সেই প্রভু গৌরচন্দ্র চরণ কমলে রহুক আমার মতি হইয়া নিশ্চলে॥ ৪৮॥

তথাহি শ্লোকঃ।

সান্দ্রানন্দোজ্জল নব রস প্রেম পীযূষসিন্ধো, কোটি বর্ষণ কিমপি করুণা স্নিগ্ধ নেত্রাঞ্চলেন। কোয়ং দেবঃ কনক কদলী গর্ভ গৌরাঙ্গ যষ্টি, শ্চেতো কস্মান্মম নিজ পদে গাঢ় যুক্তং চকারঃ॥ ৪৯॥

অস্যার্থঃ।

নিবিড় আনন্দ নব রস যে উজ্জল। প্রেমের সাগর কোটি বর্ষে নিরন্তর॥ নয়ন অঞ্জন স্নিগ্ধ করুণার জলে শীতল করিল ক্ষিতি তাপিত সকলে॥ কনক কমল কান্তি গৌর অঙ্গ যাঁর। তাঁর পদে গাঢ় প্রীতি রহুক আমার॥ ৪৯॥

তথাহি শ্লোকঃ।

পুঞ্জং পুঞ্জং মধুর মধুর প্রেম মাধ্বীরসানাং, দত্ত্বা দত্ত্বা স্বয় মুরু দয়ো মোদয়ন্ বিশ্ব মেতৎ। একো দেবঃ কটিতট মিলন্মঞ্জুমাঞ্জিষ্ঠ বাসা, ভাসা নির্ভৎসিত নব তড়িৎ কোটিরেব প্রিয়ো মে ॥ ৫০ ॥

অস্যার্থঃ।

পুঞ্জ পুঞ্জ মধুর মধুর রস গণ। দিয়া২ মাতাইল সকল ভুবন ॥ কোটি সৌদামিনী জিনি উজ্জ্বলবদন। কটিতে শোভয়ে অরুণ মঞ্জুল বসন ॥ শ্রীচৈতন্যচন্দ্র প্রভু আমার হৃদয়ে। উদয় করুণ সদা দীপ্ত সব কায়ে ॥ ৫০ ॥

তথাহি শ্লোকঃ।

উদ্দাম দামন কদা মগনাভিরাম, মারাম রাম মবিরাম গৃহীত নাম। কারুণ্য ধাম কনকোজ্জ্বল গৌর ধাম, চৈতন্য নাম পরমং কনয়াম ধাম ॥ ৫১ ॥

অস্যার্থঃ।

দমনক মালা গলে স্বর্ণ গৌর ধাম। হরি হরি নাম গণ জপে অবিরাম ॥ কেবল করুণাধাম চৈতন্য গোসাঞি। সেই পদ বিনু মোর অন্য গতি নাঞি ॥ ৫১॥

তথাহি শ্লোকঃ ।

শ্রীমদ্ভাগবতস্য পরমং তাৎপর্য্যমুট্টং কিতং, শ্রীবৈয়াস কিনা দুরন্বয় তয়া রাস প্রসঙ্গেপি যৎ । যদ্রাধা রতিকেলি নাগর রসাস্বাদৈকে সদ্ভাজনং, তদ্বস্তু প্রথনায় গৌর বপুষা লোকেবতীর্ণো হরিঃ ॥ ৫২ ॥

অস্যার্থঃ ।

ভাগবতে শুকদেব উটুঙ্ক পাইয়া । দেখাইল রাস লীলা কিঞ্চিত করিয়া ।। রাধিকার রতি কেলি নাগর সুন্দর । সুন্দর ভাজন এই সকলের পর ॥ সে বস্তু বিস্তার লাগি গৌরবর্ণ ধরি । কলিযুগে অবতার করিলা শ্রীহরি ॥ ৫২ ॥

তথাহি শ্লোকঃ ।

মহাপুরুষ মানিনাং সুর মুনীশ্বরাণাং নিজং, পাদাম্বুজমজানতাং কিমপিগর্ব্ব নির্ব্বাসনং । অহো নয়ন গোচরং নিগম চক্র চূড়াচয়ং, শচীসুত মচীকরৎ ক ইহ ভুরি ভাগ্যোদয়ঃ ॥ ৫৩॥

অস্যার্থঃ ।

সুর মুনীশ্বর যত ভক্তি উপেক্ষিয়া । আপনাকে বলে মহা পুরুষ বলিয়া ।। তা সবার গর্ব্ব যেই করে নির্ব্বা-

পণ। নিগমের শিরে যার পদ আরোহণ ॥ হেন শচী সুত প্রভু সর্ব্ব পরাৎপর । কোন ভাগ্যোদয়ে হৈল নয়ন গোচর॥। ৫৩ ॥

তথাহি শ্লোকঃ।

অকস্মাদেবৈতদ্ভুবনমভিত প্লাবিতমভূ, ন্মহা
প্রেমাম্ভোধেঃ কিমপি রস বন্যাভিরখিলং।
অকস্মাচ্চাদৃষ্টাশ্রুত চর বিকারৈ বনমভূ,
চ্চমৎকারঃ কৃষ্ণে কনক রুচি গৌরাঙ্গেবতর,
তি ॥ ৫৪ ॥

অস্যার্থঃ।

অকস্মাৎ কলিকালে কৃষ্ণ করুণায়। হেম বর্ণে অবতার প্রেমরস কায় ॥ মহা প্রেমামৃত সব সমুদ্র বন্যায়। আচম্বিতে সকল ভুবন ভাসি যায় ॥ না দেখি না শুনি যাহা হেন যে বিকার । সর্ব্ব অঙ্গ ভাব দেখি লাগে চমৎকার ॥ ৫৪ ॥

তথাহি শ্লোকঃ ।

দৃষ্ট্বামাদ্যতি নূতনাম্বুদ চয়ং সংবীক্ষ্য বর্হং
ভবে, দত্যন্তং বিকলো বিলোক্য ললিতাং
গুঞ্জাবলীং বেপতে । দৃষ্টে শ্যাম কিশোর
কেপি চকিতং ধত্তে চমৎকারিতা, মিত্থং

গৌর তনুঃ প্রচারিত নিজ প্রেমা হরিঃ পা-
ভুবঃ ॥ ৫৫ ॥

অস্যার্থঃ।

আকাশে নবীন মেঘ দেখি মাতিধায়। ময়ূরেরপাখা দেখি বিকল হিয়ায় ॥ গুঞ্জাবলী দেখি তনু সঘনে কাঁপয়। কিশোর শ্যামলা দেখি কান্দে অতিশয় ॥ এই রূপ গৌর প্রভু কৃষ্ণ রসময়। আপনার প্রেম সদা প্রচার করয় ॥ ৫৫ ॥

তথাহি শ্লোকঃ।

সর্ব্বে শঙ্কর নারদাদয় ইহা জাতাঃ স্বয়ং শ্রী
রপি, প্রাস্তাদেব হলায়ুধোপি মিলিতো জা-
তাশ্চয় বৃষ্টয়ঃ। ভূয়ঃ কিং ব্রজবাসিনোপি
প্রকটা গোপাল গোপ্যাদয়ঃ, পূর্ণে প্রেমরসে
শ্বরেবতরতি শ্রীগৌরচন্দ্রে ভুবি ॥ ৫৬ ॥

অস্যার্থঃ।

শঙ্কর নারদ আর লক্ষ্মী আদি করি। বলরাম যদু নন্দন সঙ্গে অবতরী ॥ ব্রজবাসী জন সব গোপ গোপী সঙ্গে। সভা লঞা গৌর অবতরে ক্ষিতি রঙ্গে ॥ ৫৬ ॥

তথাহি শ্লোকঃ।

মাদ্যৎ কোটি মৃগেন্দ্র হুঙ্কৃতিরব স্নিগ্ধাংগু

কোটিচ্ছবিঃ, কোটীন্দূদ্ভট শীতল গতি জিত প্রেমমত্ত কোটি দ্বিপঃ। নাম্না কোটি তুর্গত নিস্কৃতি করো ব্রহ্মাণ্ড কোটীশ্বরঃ, কোট্যদ্বৈত শিরোমণি ৰ্বিজয়তে শ্রীশ্রীশচীনন্দনঃ ॥ ॥ ৫৭ ॥

অস্যার্থঃ।

কোটি সিংহ জিনি যাঁর হুঙ্কারের ধ্বনি। শ্রীঅঙ্গের তেজ কোটি কোটি সূর্য্য জিনি ।। কোটিচন্দ্র জিনি অঙ্গ অনন্ত শীতল। প্রেমে মত্ত গতি জিনি মত্ত করীবর ।। কোটি কোটি ব্রহ্মাণ্ডের পরম ঈশ্বর। যাঁর নামেতারে কোটি পতিত পামর ॥ কোটি অদ্বৈতের যেঁহো হয় শিরোধার্য্য। সকল ঈশ্বরগণের যেই হয় আর্য্য ॥ জয়যুক্ত হয় সেই শচীর নন্দন। তাহাঁর চরণে সদা রহু মোর মনঃ ॥ ৫৭ ॥

তথাহি শ্লোকঃ।

ভৃত্যাঃ স্নিগ্ধা অতি সুমধুর প্রোজ্জলোদার-ভাজ, স্তৎ পাদাব্জ দ্বিতীয় স বিধে সর্ব্বএবা-বতীর্ণাঃ। প্রাপুঃ পূর্ব্বাধিকতর মহা প্রেম পীযূষ লক্ষ্মীং, স্ব প্রেমাণং বিভরতি জগত্য দ্ভুতং হেম গৌরে ॥ ৫৮ ॥

অস্যার্থঃ।

অদ্ভুত রসো গোরাচাঁদ অবতারে। স্নিগ্ধ ভক্তগণ সঙ্গে নদীয়া নগরে॥ পূর্ব্বাদিক প্রেম রস অদ্ভুত বিলাস। বিস্তার করয়ে গৌর কৃষ্ণভক্ত পাশ॥ শ্রীকৃষ্ণ চৈতন্য নাম প্রভু অবতারে। সর্ব্ব দেব গণ যাঁর পদ সেবা করে॥ ৫৮॥

তথাহি শ্লোকঃ।

দেবে চৈতন্য নামন্যবতরতি সুর প্রার্থ্য পাদাব্জ সেবে, বিশ্বদ্রীচিঃ প্রবিস্তারয়তি সুমধুর প্রেম পীযূষ বীচীঃ। কোবালঃ কশ্চ বৃদ্ধঃ কইহ জড়মতিঃ কাবুধঃ কোবরাকঃ, সর্ব্বেষা মৈকরস্তং কিমপি হরিপদে ভক্তি ভাজাং বভূব॥ ৫৯॥

অস্যার্থঃ।

প্রেম সেবা সমুদ্রের মাধুর্য্য তরঙ্গে। প্লাবিত করিল বিশ্ব কৃষ্ণ প্রেম রঙ্গে॥ কি বালক কিবা বৃদ্ধ কিবাজড় মতি। কিবা বুধ গণ কিবা বরাক দুর্ম্মতি॥ সভারে সমান দয়া কৃষ্ণভজিবারে। হেন গৌর পদ কেবা আশ্রয় না করে॥ ৫৯॥

তথাহি শ্লোকঃ।

প্রায়শ্চৈতন্য মাসীদপি সকল বিদাং নেহ

পূর্ব্বং যদেষা, খর্ব্ব সর্ব্বার্থ সারেপ্যকৃত নহি পদং কুণ্ঠিতাবুদ্ধি বৃত্তিঃ। গম্ভীরোদারভাবোজ্জ্বল রস মধুর প্রেমভক্তি প্রবেশঃ, কেষাং নাসীদিদানীং জগতি করুণয়া গৌরচন্দ্রেবতীর্ণে ॥ ৬০ ॥

অস্যার্থঃ।

প্রায় পূর্ব্বে জীবের চৈতন্য নাহি ছিল। তেঞিও সর্ব্ব রস সার বুঝিতেনারিল ॥ এবে দেখি গৌর যদিকৈল কৃপা লেশ। কারো বা নহিল প্রেম রস পরবেশ ॥ ৬০

তথাহি শ্লোকঃ।

দূরাদেব দহন্ কুতক শলভন্ কোটীন্দু সংশীতলো, জ্যোতিঃ কন্দল সদ্ম সন্মধুরিমা বাহ্যান্তর ধ্বান্তকৃৎ। সস্নেহায়বর্ত্তি দিব্যবিসরত্তেজাঃ সুবর্ণ দ্যুতিঃ, কারুণ্যাদিহজাজ্জ্বলীতি স নবর্দ্বীপ প্রদীপোদ্ভুতঃ ॥ ৬১ ॥

অস্যার্থঃ।

অদ্ভুত নদীয়া পুরে সুবর্ণ প্রদীপ। কোটি চন্দ্র সুশীতল হরিনাম পীব ॥ কুতার্কিক কীট সব পুড়ি পুড়ি মরে। ঐছে জ্যোতি বাহ্যান্তর দুই দীপ্তকরে ॥ সস্নেহ আশয় বৃত্তে দিব্য কারুণ্যতা। বন্দ সেই নবদ্বীপ প্রদীপ্ত সর্ব্বথা ॥ ৬১ ॥

তথাহি শ্লোকঃ।

কেচিদ্দাস্যমবাপুরুদ্ধব মুখাঃ শ্লাঘ্যং পরে লেভিরে, শ্রীদামাদিপদং ব্রজাম্বুজদৃশাং ভাবঞ্চ ভেজুঃ পরে। অন্যে ধন্যতমাধয়াস্তি সুধিয়ো রাধা পদাম্ভোরুহং, শ্রীচৈতন্য মহা প্রভোঃ করুণয়া লোকস্য কাঃ সম্পদঃ ॥ ৬২ ॥

অস্যার্থঃ।

শ্রীচৈতন্য করুণাবলোকন হইতে। কেহ দাস্য ভক্তি কৈল উদ্ধবের রীতে ॥ শ্রীদাম সুবল পদ কেহ কেহ পাইল। গোপাঙ্গনাভাব কেহ নির্ম্মল লভিল ॥ অন্যে ধন্যতমো কেহ মাধুর্য্য আলয়। শ্রীরাধা পাদাম্ভোজ পাল্য চৈতন্য আশ্রয় ॥ ৬২ ॥

তথাহি শ্লোকঃ।

ভ্রান্তং যত্র মুনীশ্বরৈরপি পুরা যস্মিন্ ক্ষমা মণ্ডলে, কস্যাপি প্রবিবেশ নৈবধিষণা যদ্বেদনো বাশুকঃ। যন্নক্বাপি কৃপাময়েন চ নিজে প্যুদ্ঘাটিতং শৌরিণা, তস্মিন্নুজ্জ্বল ভক্তিবর্ত্মনি সুখং খেলন্তি গৌর প্রিয়াঃ ॥ ৬৩ ॥

অস্যার্থঃ।

পূর্ব্বে মুনীশ্বর যাহা বুঝিতে নারিল। পৃথিবীতেকারু বুদ্ধি প্রবেশ না কৈল ॥ কৃপা ময় কৃষ্ণ যাহা নিজভক্ত

গণে । কোন খানে না করিল রহস্য কারণে ।। হেন যে উজ্জ্বল রস প্রেম ভক্তি দধি । গৌর প্রিয় জন তাহে খেলে নিরবধি ।। ৬৩ ।।

তথাহি শ্লোকঃ ।

আস্তাং বৈরাগ্য কোটি র্ভবতু শম দম ক্ষান্তি মৈত্রাদি কোটি, স্তত্ত্বানুধ্যান কোটির্ভবতু ভবতু বা বৈষ্ণবী ভক্তি কোটিঃ । কোট্যংশো পাস্য নস্যাদপি গুণগণো যঃ স্বতঃ সিদ্ধ আস্তে, শ্রীমচ্চৈতন্যচন্দ্র প্রিয় চরণ নখ জ্যোতি রামোদভাজাং ।। ৬৪ ।।

অস্যার্থঃ ।

কোটি কোটি বৈরাগ্য কোটি ক্ষমা শম । কোটি জ্ঞান কোটি মৈত্রী আর কোটি দম ।। বিষ্ণু ভক্তি কোটি হৌক শাস্ত্রের সম্মত । আর অসম্ভব অলৌকিক গুণ যত ।। গৌর প্রিয় ভক্তে হয় যে গুণ সম্ভবে । উদ্ভট্ট আনন্দ ভাব বিহ্বলিত সবে ।। ৬৪ ।।

তথাহি শ্লোকঃ ।

কেচিৎ সাগর ভূধরনপি পরাক্রামন্তি নৃত্যন্তি বৈ, কেচিদ্দেব পুরন্দরাদিষু মহা ক্ষেপং

ক্ষিপন্তো মুহুঃ। আনন্দোদ্ভট্ট জাল বিহ্বল
তয়া তেদ্বৈতচন্দ্রাদয়ঃ, কে কেনোদ্ধতরন্ত
ঈদৃশি পুনশ্চৈতন্য নৃত্যোৎসবে॥ ৬৫॥

অস্যার্থঃ।

বাহ্য জ্ঞান নাহি কারো প্রেম রসে ভাসে। ইন্দ্রআদি দেবতারা সুখে পরিহাসে॥ অদ্বৈত প্রভৃতি যার রসে উনমত। সর্ব্ব জীবে করুণা করিল অদভুত॥ ৬৫॥

তথাহি শ্লোকঃ।

পাষাণঃ পরিসিঞ্চিতোমৃতরসৈ নৈর্বাংকুরঃ
সম্ভবে, ল্লাঙ্গুলংসর মাপতে র্বিবৃণতঃ স্যাদস্য
নৈবার্জবং। হস্তাবুন্নয়তা বুধাঃ কথমহো ধা-
র্য্যং বিধোর্মণ্ডলং, সর্ব্ব সাধনমস্তু গৌর করু-
ণা ভাবেন ভাবোৎসবঃ॥ ৬৬॥

অস্যার্থঃ।

পাষাণে অঙ্কুর নহে অমৃত সিঞ্চনে। উজু নহে শ্বান লাঙ্গুড় নবনী মর্দ্দনে॥ বামন হইয়া চাঁদ পারে কি ধরিতে। সব হয় গৌর ভাব করুণা ভাবিতে॥ ৬৬॥

তথাহি শ্লোকঃ।

অলং শাস্ত্রাভ্যাসৈরলমহহ তীর্থাটনিকয়া,
সদা যোষিদ্ব্যাঘ্রাস্র শত বিতথাং থূৎকুরু

দিবং। তৃণম্মন্য ধন্যাঃ শ্রয়ত কিল সন্ন্যাসী কপটং, নটন্তং গৌরাঙ্গং নিজরসমদাদম্বুধি তটে ॥ ৬৭ ॥

অস্যার্থঃ।

কিছু শাস্ত্রাভ্যাস করি মহা গর্ব্ব হয়। কর্ম্ম তপ করি ধন্য আপনাকে কয় ॥ অনেক বেদনা পায় তীর্থ পর্য্যটনে। তাহাকে আশ্চর্য্য মানি করে অভিমানে ॥ কপট সন্ন্যাসী বেশ সমুদ্রের তীরে। নিজ রসে মত্ত প্রভু অবশ শরীরে ॥ গর্ব্ব অভিমান জীবের সব ছাড়াইয়া। শুনাইলা কৃষ্ণ নাম নাচিয়া নাচিয়া ॥ ৬৭ ॥

তথাহি শ্লোকঃ।

ধর্ম্মে নিষ্ঠাং দধদনুপমাং বিষ্ণুভক্তিগরিষ্ঠাং, সংবিভ্রাণোদধদিহ হি হৃত্তিষ্ঠতীবাশ্মসারং। নীচো গোম্নাদপিজগদহো প্লাবয়ন্ত্যশ্রুপূর্ব্বৈঃ কোবাজানাত্যহহ গহনং হেম গৌরাঙ্গরঙ্গং ॥ ৬৮ ॥

অস্যার্থঃ।

কৃষ্ণভক্তি ধর্ম্ম নিষ্ঠা যেই দেখাইল। অসার ছাড়িয়া সব সার বস্তু দিল ॥ পতিত দুর্জ্জন নীচ সভারে তারিল। নিজ অশ্রু জলে সব ভুবন সিঞ্চিল ॥ হেন গৌর প্রভুর রঙ্গ কে বুঝিতে পারে। কখন কি লাগি প্রভু কি ধর্ম্ম আচরে ॥ ৬৮ ॥

তথাহি শ্লোকঃ।

অপারাবারশ্চেদমৃতময় পাথোধিমধিকং, কি মথ্য প্রাপ্তং স্যাৎ কিমপি পরমং সারমতুলং। তথাপি শ্রীগৌরাকৃতি মদনগোপাল চরণ, চ্ছটা স্পৃষ্টানাং তদ্বহতি বিকটামেব কটুতাং॥ ৬৯॥

অস্যার্থঃ।

পারাবার হীন হেন অমৃত সাগরে। মথিয়া পাইয়া সার গৌর কলেবরে॥ অমৃত হইতে কটু কহিয়ে মরমে। কিবা দিয়া গৌর তনু কৈল নিরমাণে॥ হেমচন্দ্র কহি যদি দিবসে মলিন। স্বর্ণ পদ্ম রজনীতে বর্ণ হয় ক্ষীণ॥ লখিতে না হয় অঙ্গ মহা তেজো ময়। পিছলিয়া পড়ে আঁখি অঙ্গে নাহি রয়॥ ৬৯॥

তথাহি শ্লোকঃ।

তৃণাদপি চ নীচতা সহজ সৌম্য মুগ্ধাকৃতিঃ,
সুধা মধুর ভাষিতা বিষয় গন্ধ থুথুৎকৃতিঃ।
হরিঃ প্রণয় বিহ্বলা কিমপি ধীর নালম্বিতা,
ভবন্তি কিল সদ্গুণা জয়তি গৌর ভাজাময়ী
॥ ৭০॥

অস্যার্থঃ।

তৃণ হৈতে নীচ করি আপনাকে মানে। শামমূর্ত্তি

মধুর আকৃতি মনোরমে ॥ অমৃত বরিষে কথা রসের সহিতে। থুথু করে বিষয়ের গন্ধ আছে যাতে ॥ কৃষ্ণ প্রেমামৃতে সদা বিহ্বল কথায়। মহা গম্ভীরতা ধৈর্য্য সদ্‌গুণাদি হয় ॥ ৭০ ॥

তথাহি শ্লোকঃ।

দেবা দুন্দুভি বাদনং বিদধিরে গন্ধর্ব্ব মুখ্যা জগুঃ, সিদ্ধা সন্তত পুষ্পবৃষ্টিভিরিমাং পৃথ্বীং সমাচ্ছাদয়ন্। দিব্য স্তোত্রপরা মহর্ষিণি বহাঃ প্রত্যাপস্থনিজ, প্রেমোন্মাদিনি তাণ্ডবং রচয়তি শ্রীগৌরচন্দ্রে ভুবি ॥ ৭১ ॥

অস্যার্থঃ।

দেব গণ দুন্দুভি বাজায় কুতূহলে। নৃত্য করে প্রভু যবে কীর্ত্তন মণ্ডলে ॥ গন্ধর্ব্ব সকল আসি গান করে রঙ্গে। সিদ্ধ গণ পুষ্প বৃষ্টি করে প্রভু অঙ্গে ॥ মহাঋষি সব স্তব করয়ে অপারে। নিজ প্রেম উন্মাদে প্রভুর স্তব করে ॥ ৭১ ॥

তথাহি শ্লোকঃ।

কোয়ং পট্ট ধটী বিরাজিত কটিদেশঃ করে কঙ্কণং, হারং বক্ষসি কুণ্ডলং শ্রবণয়ো র্বিভ্রৎ পদে নূপুরৌ। ঊর্দ্ধীকৃত্য নিবদ্ধ কুন্তলভর

প্রোৎফুল্ল মল্লীস্রগা, পীড়ঃ ক্রীড়তি গৌর
নাগর বরো নৃত্যন্নিজৈ র্নামভিঃ ॥ ৭২ ॥

অস্যার্থঃ।

পট্টবস্ত্র পরিধান হেম গৌর রায়। করেতে কঙ্কণহার দে লয়ে হিয়ায় ॥ শ্রবণে কুণ্ডল দোলে নূপুর চরণে। কিশোর বয়েস অঙ্গে হেমঅভরণে ॥ চাঁচর চিকুরচূড়া বান্ধে উভকরি। প্রফুল্ল মল্লিকা মালা আজানু সঞ্চারি ॥ সুগন্ধি চন্দন সব অঙ্গে বিলেপন। গৌর সুনাগর বর নাচে বিলক্ষণ ॥ আপনার গুণ শুনি আপনে নাচয়। নৃত্য ভঙ্গী দেখি কত কাম মুরছয় ॥ ৭২ ॥

তথাহি শ্লোকঃ।

সিংহ স্কন্ধং মধুর মধুর স্মের গণ্ড স্থলান্তং,
দুর্ব্বিজ্ঞেয়োজ্জলরসময়াশ্চর্য্য নানা বিকারং।
বিভ্রৎ কান্তিং বিকচ কনকাম্ভোজ গর্ব্বাভি-
রামা, মেকীভূতং বপুরবতুবো রাধয়া মাধ-
বস্য ॥ ৭৩ ॥

অস্যার্থঃ।

তপ্ত হেম কান্তি গৌর চৈতন্য গোসাঞি। লাবণ্য লহরী তনু বহাই সদাই ॥ নানা বিধ রস লীলা প্রকাশ করয়ে। যাহাতে বৈষ্ণব গণ অন্তর মোহয়ে ॥ ইহাতে আশ্চর্য্য নাহি শুনহ কাহিনী। রাধাকৃষ্ণ এক হঞা

বিহরে আপনি ॥ সিংহ স্কন্ধ হাস্য গণ্ড স্থলাস্ত মধুর। দুর্গম উজ্জ্বল রস বিকার প্রচুর ॥ বিকচকনক পদ্মগন্ধ হরে অঙ্গ। অনুক্ষণ বহে প্রেম লাবণ্য তরঙ্গ ॥ রাধিক মাধব দুই হঞা এক ঠাঞি। পৃথিবীতে বিলসয়ে প্রেম অবগাই ॥ ৭৩ ॥

তথাহি শ্লোকঃ।

